

# যুগান্তর

## বেরোবি'র ভর্তি পরীক্ষা ১০ নভেম্বর শুরু

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বেরোবি প্রতিনিধি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি পরীক্ষা আগামী ১০ নভেম্বর শুরু হবে। চলবে ১৪ নভেম্বর পর্যন্ত। এবার ৬ অনুষদের অধীনে ২১ বিভাগে ১ হাজার ৩১৫টি আসন রয়েছে। এর বিপরীতে আবেদনপত্র জমা পড়েছে ৭৭ হাজার ৭২৪টি। এ বছর প্রতি আসনের বিপরীতে লড়বেন ৬০ জন ভর্তিচ্ছু। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ তথ্য ও প্রকাশনা দফতরের কর্মকর্তা আরিফুল ইসলাম জানান, ‘এ’ ইউনিটে (কলা অনুষদ) আবেদন করেছে ২০ হাজার ৭৯২ জন, ‘বি’ ইউনিটে (সামাজিক বিজ্ঞান অনুষদ) ২৩ হাজার ৯২ জন, ‘সি’ ইউনিটে (বাণিজ্য অনুষদ) ৯ হাজার ৮৭৫ জন, ‘ডি’ ইউনিটে (বিজ্ঞান অনুষদ) ৮ হাজার ৮৬০ জন, ‘ই’ ইউনিটে (প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ) ৬ হাজার ৯১৫ জন এবং ‘এফ’ ইউনিটে (জীব ও ভূবিজ্ঞান অনুষদ) আবেদন করেছে ৮ হাজার ১৯০ জন ভর্তিচ্ছু। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (brur.ac.bd) পাওয়া যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।